উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির জুলাই/২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব জুয়েল আকন্দ
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'স্বোমেশ্বরী'।
সভার তারিখ ঃ ০৫/০৭/২০২১ খ্রিঃ।
সময় ঃ বেলা ২ঃ০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ঠ "ক" তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপরঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শ্রীবরদী সভায় জানান, অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে গোসাইপুর ইউনিয়নে ৬টি ভিডিসিতে ৫টি পাড়া রাস্তা ইটের সলিংকরণ ও ১টি মসজিদের বাথরুম ও অযুখানা নির্মাণ করা হয়েছে। প্রতিটি স্কিমে প্রকল্পের অংশ ৮০ হাজার টাকা, ২টি ভিডিসি'তে একই অর্থ বছরে ৩০ জনের ২ ব্যাচে 'বসতবাড়িতে শাক সবজি চাষ' বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও ফলজ চারা বিতরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'কোভিড-১৯ প্রনোদনা ঋণ তহবিল' হতে ৪% সুদে ১৬ জন বিআরডিবি ভূক্ত সমিতি/দলের সদস্যকে সর্বমোট ১৭.৫০ লক্ষ টাকা পল্লী উদ্যোক্তা ঋণ বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান, শ্রীবরদী ইউসিসিএ এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটিতে উপজেলা মৎস্য অফিসারকে সভাপতি ও উপজেলা যুব উন্নয়ন অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজারকে সদস্য করে অনুমোদনের জন্য সমবায় অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | ১। সরকারী নীতিমালার আলোকে দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ঋণ প্রদান ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। খেলাপী ঋণ আদায়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শ্রীবরদী,শেরপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

জুয়েল আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং- ৭৬

তারিখঃ ০৫/০৭/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, শেরপুর।
২। উপ- পরিচালক স্থানীয় সরকার , শেরপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর ।
৫। চেয়ারম্যান.............................................ইউপি ও সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি শ্রীবরদী, শেরপুর ।

ফরহাদ আহম্মদ আকন্দ
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
শ্রীবরদী, শেরপুর।

Scanned with CamScanner